

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৬০৩

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যে কয় রাকা'আত তাহাজ্জুদ সালাত আদায় করা মুস্তাহাব

ذِكْرُ عَدَدِ الرَّكَعَاتِ الَّتِي تُسْتَحِبُّ لِلْمَرْءِ أَنْ يَكُونَ تَهَجُّدُهُ بِهَا

আরবী

2603 _ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدِ بْنِ سَلْمٍ حَدَّثَنَا حَرْمَلَةُ حَدَّثَنَا ابْنُ وَهْبِ أَخْبَرَنِي عَمْرُو بْنُ الْحَارِثِ عَنِ ابْنِ شِهَابٍ عَنْ عُرْوَةً عَنْ عَائِشَةَ قَالَتْ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى عَمْرُو بْنُ الْحَارِثِ عَنِ ابْنِ شِهَابٍ عَنْ عُرْوَةً عَنْ عَائِشَةَ قَالَتْ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُصَلِّقٍ الْعَشَاءِ – وَهِيَ الَّتِي يَدْعُو النَّاسُ الْعَتَمَةَ – إِلَى الْفَجْرِ إِحْدَى عَشْرَةَ رَكْعَةً يُسَلِّمُ فِي كُلِّ رَكْعَتَيْنِ وَيُوتِرُ بِوَاحِدَةٍ فَإِذَا سَكَتَ الْمُؤَدِّنُ مِنْ صَلَاةٍ الْفَجْرِ وَتَبَيَّنَ لَهُ الْفَجْرُ وَجَاءَهُ الْمُؤَدِّنُ قَامَ فَرَكَعَ رَكْعَتَيْنِ خَفِيفَتَيْنِ وَلَاسَكَتَ الْمُؤَدِّنُ مِنْ صَلَاةٍ الْفَجْرِ وَتَبَيَّنَ لَهُ الْفَجْرُ وَجَاءَهُ الْمُؤَدِّنُ قَامَ فَرَكَعَ رَكْعَتَيْنِ خَفِيفَتَيْنِ وَاصِيعَ عَلَى شِقِّهِ الْأَيْمَنِ حَتَّى يَأْتِيَهُ الْمُؤَدِّنُ بالإقامة واضْطَرَعَعَ عَلَى شِقِّهِ الْأَيْمَنِ حَتَّى يَأْتِيهُ الْمُؤَدِّنُ بالإقامة الراوي : عَلَيْ شَقِهِ الْأَيْمَنِ حَتَّى يَأْتِيهُ الْمُؤَدِّنُ بالإقامة الراوي : عَائِشَة المحدث : العلامة ناصر الدين الألباني المصدر : التعليقات الراوي : عَائِشَة المحدث : العلامة على صحيح ابن حبان المصدر : التعليقات الصفحة أو الرقم: 2003 الخلاصة حكم المحدث: صحيح - ((صلاة التراويح))

বাংলা

২৬০৩. আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ইশার সালাত, যাকে লোকজন আতামাহ হিসেবে অভিহিত করে থাকে, এরপর হতে ফজর উদ্ভাসিত হওয়া পর্যন্ত এগার রাকা'আত সালাত আদায় করতেন; তিনি প্রত্যেক দুই রাকা'আত পর পর সালাম ফেরাতেন আর শেষে এক রাকা'আত বিতর পড়তেন। অতঃপর যখন ফজরের সালাতের আযান শেষ হয়ে যেতো, প্রভাত উদ্ভাসিত হতো এবং মুয়ায্যিন তাঁর কাছে আসতো, তখন তিনি দাঁড়িয়ে হালকা দুই রাকা'আত সালাত আদায় করতেন। তারপর ইকামতের জন্য মুয়ায্যিন তাঁর কাছে না আসা পর্যন্ত তিনি ডান পার্শ্বের উপর কাত হয়ে শুয়ে থাকতেন।"[1]

ফুটনোট



[1] আবূ দাউদ: ১৩৩৬; ইবনু মাজাহ: ১৩৫৮; মুসনাদ আহমাদ: ৬/৮৩; সুনান বাইহাকী: ৩/৭; নাসাঈ: ২/৩০।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারীর শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সালাতুত তারাবীহ: ১০৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন